**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 02-07-24** **Desk in Charge :**

**Time : 7-50 P.M.** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে গণপ্রহারের একের পর এক ঘটনার প্রেক্ষিতে সমস্ত জেলা প্রশাসনকে নজরদারি আরো বাড়ানোর এবং দোষীদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপের নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

২/ গণপিটুনি ঠেকাতে ২০১৯-এ বিধানসভায় পাশ হওয়া বিল রাজ্যপালের অনুমোদন পেলে, এধরণের ঘটনা এড়ানো যেত বলে মনে করেন বিধানসভার অধ্যক্ষ।

৩/ জলপাইগুড়ির ফুলবাড়িতে সালিশি সভায় লাঞ্ছনার জেরে এক গৃহবধূর আত্মঘাতী হওয়ার অভিযোগ উঠেছে। এই ঘটনায় গ্রেপ্তার হয়েছে চারজন।

৪/ প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায় CBI-কে উত্তরপত্র বা OMR শিটের তথ্য জমা দেওয়ার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট।

৫/ উত্তরবঙ্গের পাঁচটি জেলায় আগামীকাল'ও ভারী থেকে অতিভারী বৃষ্টির সম্ভাবনা।

# গরুবাথানে হড়পা বাণে আটকে পড়া স্কুল পড়ুয়াদের উদ্ধার করা সম্ভব হয়েছে।

*************************************************************

রাজ্যে গণপ্রহারের একের পর এক ঘটনা নিয়ে উদ্বেগের মধ্যেই সমস্ত জেলা প্রশাসনকে নজরদারি আরো বাড়ানোর এবং দোষীদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপের নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

গণপিটুনির কথা উল্লেখ না করে মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় ও ADG আইনশৃখলা মনোজ ভার্মা এক যৌথ সাংবাদিক বৈঠকে বলেন, ২০১৮ সালের একটি মামলায় সুপ্রিম কোর্টের রায়ের ১২ দফা নীতি নির্দেশিকার প্রতিলিপি পাঠানো হয়েছে সব জেলার পুলিশ সুপার ও পুলিশ কমিশনাদের। পাশাপাশি মানুষকেও সতর্ক থাকতে বলা হয়েছে।

(বাইট- আলাপন )

সোশ্যাল মিডিয়ার ওপর নজরদারি এবং অপরাধমূলক কার্যকলাপ রুখতে প্রয়োজনে সব জেলা পুলিশ সুপার, পুলিশ কমিশনার ও রেল পুলিশ সুপারদের নিয়ে একটি ‘টাস্ক ফোর্স’ গঠন করার কথাও বলেছেন তাঁরা। ADG জানান, সব ঘটনার’ই তদন্ত শুরু হয়েছে।

দেশে গতকাল থেকে বলবত হওয়া নতুন ফৌজদারি আইনে গণপ্রহারে মৃত্যুর ঘটনায় দোষীদের কঠোর সাজার সংস্থান রয়েছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ জানিয়েছেন।

(বাইট- অমিত শাহ্/ অন ‘লিঞ্চিং ল’ )

********************

গণপিটুনি ঠেকাতে রাজ্য সরকারের আনা কঠোর আইনটি বলবৎ করা গেলে এ ধরণের সাম্প্রতিক ঘটনা এড়ানো যেত বলে রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় মনে করেন। বিধানসভা ভবনে আজ সাংবাদিকদের সঙ্গে আলাপচারিতায় অধ্যক্ষ বলেন, এই ধরনের ঘটনা আটকাতে কঠোর আইনের প্রয়োজনীয়তা কেন্দ্রীয় সরকার এখন অনুভব করছে, কিন্তু রাজ্য সরকার আগেই এ ব্যাপারে তৎপর হয়েছিল।

( বাইট- বিমান বন্দ্যোপাধ্যায় )

********************

উত্তর দিনাজপুরের চোপড়ার ঘটনার রেশ কাটতে না কাটতেই জলপাইগুড়ির ফুলবাড়িতে সালিশি সভায় লাঞ্ছনার জেরে এক গৃহবধূর আত্মঘাতী হওয়ার অভিযোগ উঠেছে। পঞ্চায়েত সদস্যের সামনেই মহিলাকে মারধোর করা হয় বলে তাঁর স্বামীর অভিযোগ। এই ঘটনায় মূল অভিযুক্ত স্বপ্না আধিকারী ও ব্রোজেন অধিকারী সহ চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। অভিযুক্ত আরও কয়েকজনের খোঁজ চলেছে।

জানা গেছে, ফুলবাড়ি ১ নম্বর অঞ্চলের বকরাভিটায় এক বিবাহিত যুবকের সঙ্গে ঘর ছাড়েন ওই গৃহবধূ। ৮ দিন ধরে নিখোঁজ থাকার পর তাঁকে ফিরিয়ে আনেন তাঁর স্বামী। শ্বশুরবাড়িতে স্ত্রীকে রেখেছিলেন তিনি। কিন্তু এলাকার কয়েকজন মহিলা সালিশিসভা বসিয়ে গৃহবধূকে মারধোর করেন। বাধা দিতে গিয়ে নিগৃহীত হন তাঁর স্বামী। লাঞ্ছনার শিকার মহিলা এরপর কীটনাশক খেয়ে আত্মঘাতী হন।

উল্লেখ্য, ২০১৬ র অক্টোবরে জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকে সালিশী সভা বসিয়ে মোবাইল চোর অপবাদ দেওয়ায় অপমানে আত্মহত্যা করেছিল বছর এগারোর এক বালিকা।

এদিকে, কোচবিহারের মাথাভাঙার নির্যাতিতা বিজেপি কর্মীর সঙ্গে আজ শিলিগুড়ির সার্কিট হাউসে দেখা করেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। দিল্লি থেকে বাগডোগরা পৌঁছে, তিনি সরাসরি সার্কিট হাউসে যান। পরে সাংবাদিকদের তিনি বলেন-

(বাইট- রাজ্যপাল )

শিলিগুড়ি থেকে রাজ্যপালের চোপড়া যাওয়ার কথা থাকলেও তিনি সিদ্ধান্ত বদলে ফের বাগডোগরা হয়ে দিল্লি রওনা হয়ে যান।

অন্যদিকে, চোপড়ায় বিবাহ-বহির্ভূত সম্পর্কের জেরে দুই তরুণ–তরুণীকে সালিশি সভায় মারধোরের ঘটনাকে সমর্থন করে স্থানীয় তৃণমূল কংগ্রেস বিধায়ক হামিদুর রহমানের মন্তব্যের জন্য দল তাঁকে শো-কজ করেছে। তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি কানহাইয়ালাল আগরওয়াল জানিয়েছেন, ওই মন্তব্যের ব্যাখ্যা চাওয়া হয়েছে তাঁর কাছে। সাত দিনের মধ্যে তাঁকে জবাব দিতে হবে।

********************

এর আগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্যে সাম্প্রতিক কয়েকটি ঘটনা নিয়ে আজ পুলিশের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। নবান্ন সূত্রে খবর, চোপড়া ও কোচবিহারের ঘটনা নিয়ে পুলিশের ভূমিকায় তীব্র অসন্তোষ প্রকাশ ক'রে পুলিশকে তিনি আরও সক্রীয় হতে বলেছেন।

********************

ছেলেধরা সন্দেহে আটকে রাখা এক যুবককে উদ্ধার করতে গিয়ে পূর্ব বর্ধমানের শক্তিগড় থানার সুহারি গ্রামে পুলিশের আক্রান্ত হবার ঘটনায় আজ ভোরে চারজনকে গ্রেপ্তার করা হয়।

নতুন ফৌজদারি আইনের অধীনে তাদের বিরুদ্ধে মামলা রুজু করেছে পুলিশ। ধৃতদের শর্ত সাপেক্ষে জামিন দিয়েছে বর্ধমান CJM আদালত।

********************

উত্তর ২৪ পরগণার আড়িয়াদিহে এক মহিলা ও তাঁর কলেজ পড়ুয়া ছেলেকে রাস্তায় ফেলে মারধোরের ঘটনায় ৭'জনকে পুলিশ গ্রেপ্তার করেছে। তবে স্থানীয় বাসিন্দাদের দাবী, ধৃতদের মধ্যে একজনই ঘটনার সময় উপস্থিত ছিল। মূল অভিযুক্ত, এলাকার কুখ্যাত দুষ্কৃতী জয়ন্ত্‌ সিং এবং আরেক অভিযুক্ত প্রীতম কাহার পলাতক। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় জনরোষ তৈরী হয়েছে। ঘটনার সিসি টিভি ফুটেজ প্রকাশ্যে আসতেই শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর।

জানা গেছে, সায়নদীপ পাঁজা নামে ওই কলেজ পড়ুয়ার সঙ্গে প্রীতমের ঝামেলা হয়। খবর পেয়ে হকি স্টিক, উইকেট, থান ইট নিয়ে সায়নদীপের ওপর চড়াও হয় জয়ন্ত্‌ ও তার দলবল। বাধা দিতে গিয়ে প্রহৃত হন সায়নের মা'ও। গুরুতর জখম অবস্থায় দুজনেই বেসরকারি নার্সিংহোমে চিকিৎসাধীন।

জয়ন্ত সিং-এর গ্রেপ্তারী চেয়ে বেলঘরিয়া থানায় আজ বিক্ষোভ দেখান এলাকার মানুষ। আড়িয়াদহ তালতলা স্পোর্টিং ক্লাবে ভাঙচুর চালানো হয়।

********************

দক্ষিণ ২৪ পরগণার মগরাহাটে ব্যাবসায়ীর টাকা ছিনতাই-এর জন্য শ্যুট আউটের অভিযোগ, নতুন মোড় নিয়েছে।

জানা গেছে, অশোক ছাঁটুই নামে ওই ব্যবসায়ী চাকরি দেবার নাম করে এক প্রতিবেশীর কাছ থেকে কয়েক লক্ষ টাকা নিয়েছিলেন। কিন্তু চাকরী হয়নি। টাকা ফেরতের চাপ বাড়তে থাকায় দুই দুষ্কৃতী গুলি চালিয়ে তার কাছ থেকে ৭'লক্ষ ৩০ হাজার টাকা ছিনতাই করে বলে মিথ্যে অভিযোগ করেন অশোক। তিনি নিজেই নিজেকে গুলি করেন বলে পুলিশের অনুমান।

হাসপাতালে চিকিৎসাধীন ওই ব্যবসায়ীকে প্রয়োজনে গ্রেপ্তার করা হবে বলে ডায়মন্ডহারবার পুলিশ জেলার সুপার রাহুল গোস্বামী ও অতিরিক্ত পুলিশ সুপার মিতুন কুমার দে আজ সাংবাদিকদের জানান।

********************

প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায় CBI-কে উত্তরপত্র বা OMR শিটের তথ্য জমা দেওয়ার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। বিচারপতি রাজাশেখর মান্থার নির্দেশ, OMR শিট স্ক্যান করে কোথায়, কোন্ হার্ড ডিস্কে রাখা হয়েছিল আগামী শুক্রবারের মধ্যে CBI-কে তা জানাতে হবে। বিচারপতির পর্যবেক্ষণ, OMR শিট স্ক্যান করা হয়ে থাকলে, সব হার্ড ডিস্কে থাকবে। হার্ড ডিস্ক নষ্ট করে দেওয়া হলে তারও তদন্ত হবে বলে আজ জানিয়েছেন বিচারপতি। হাইকোর্টে আজ OMR শিট নিয়ে রিপোর্ট জমা দেয় সিবিআই।

********************

পুর নিয়োগ দুর্নীতি মামলায় প্রথম চার্জশিট পেশ করলো সিবিআই। এতে নাম রয়েছে দক্ষিণ দমদম পুরসভার প্রাক্তন চেয়ারম্যান পাচু রায় ও অয়ন শীলের। আলিপুরের CBI আদালতে জমা পড়া এই চার্জশিটে বলা হয়েছে, কোভিড আবহে রাতারাতি ২৯ জনের চাকরি হয়েছিল দক্ষিণ দমদম পুরসভায়। কিন্তু সেই নিয়োগ, প্রক্রিয়া মেনে হয়নি।

********************

দেশে নতুন তিনটি ফৌজদারি আইন বলবত হবার পর পয়লা জুলাই-এর আগে ও পরে দায়ের হওয়া অভিযোগের আইনী প্রক্রিয়া নিয়ে বিভ্রান্তির কোনো কারণ নেই বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ জানিয়েছেন।

( বাইট- অমিত অন নিউ ল’ ৭.৫০ )

সাইবার অপরাধের মামলায় রাজ্যের সরকারি কৌঁসুলি বিভাস চট্টোপাধ্যায়’ও মনে করেন, সমান্তরাল দু’টি আইনী প্রক্রিয়া কোনো জটিলতা তৈরী করবে না।

( বাইট- বিভাস নিউ ল’ ৭.৫০ )

*******************

পূর্ব কলকাতার ধাপার মাঠপুকুরে আজ সকালে একটি মোবিল কারখানায় বিধ্বংসী আগুন লাগে। কালো ধোঁয়ায় ঢেকে যায় চারপাশ। ঘিঞ্জি এলাকায় এই অগ্নিকান্ডে আতঙ্ক ছড়ায়।

*******************

দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু আজ রাজস্থান, হরিয়ানা ও পাঞ্জাবের বাকী অংশে পৌঁছে গেছে। এর ফলে, মৌসুমী বায়ু, নির্ধারিত সময়ের ছ’দিন আগে দেশের সর্বত্র প্রবেশ করলো।

এদিকে, পূর্ব বিহার ও সংলগ্ন এলাকার ওপর একটি ঘূর্ণাবর্ত অবস্থান করছে। উত্তর-পশ্চিম বিহার থেকে পশ্চিমবঙ্গের হিমালয় সন্নিহিত অঞ্চল হয়ে দক্ষিণ আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে অক্ষরেখা।

উত্তর বাংলাদেশ ও সংলগ্ন অংশ এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন এলাকায় আরো দুটি ঘূর্ণাবর্তের প্রভাবে দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায় আজ ভারি থেকে অতিভারি বৃষ্টির লাল সতর্কতা, দুই দিনাজপুরে কমলা ও মালদায় হলুদ সতর্কতা জারি রয়েছে।

হিমালয় সংলগ্ন উত্তরের জেলাগুলিতে আগামীকাল থাকছে ভারি থেকে অতিভারি বৃষ্টির কমলা এবং দুই দিনাজপুর ও মালদায় ভারি বৃষ্টির হলুদ সতর্কতা। বৃষ্টির কারণে দার্জিলিং ও কালিম্পং জেলার পাহাড়ে ধস নামতে পারে।

তিস্তা, জলঢাকা, সঙ্কোশ ও তোর্সা নদীর জলস্তর বাড়ার এবং কিছু জায়গায় হড়পা বানের সম্ভাবনা। রাতভর প্রবল বৃষ্টিতে মাল ব্লকের বাগরাকোট গ্রাম পঞ্চায়েতে লিস নদীর বাঁধ ভেঙে বিস্তীর্ন এলাকা জলমগ্ন হয়েছে।

দক্ষিণবঙ্গের দুই ২৪ পরগণা, মুর্শিদাবাদ, নদীয়া ও বীরভূম জেলায় আগামীকাল ভারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

********************

কালিম্পংএ গরুবাথানে হড়পা বানে আটকে পড়া স্কুলপড়ুয়ারা অল্পের জন্য প্রাণে রক্ষা পেয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, একটি পিক আপ ভ্যান, পড়ুয়াদের নিয়ে আসার সময়ে ফাগু নদীতে হড়পা বানের মধ্যে আটকে পড়ে। স্থানীয়দের চেষ্টায় উদ্ধার করা হয় স্কুল পড়ুয়াদের।

***************************************************************